

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৪০

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ ব.
১৯ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সিএ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়ন্তে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি সহ টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে ৬৫৩ নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি সংক্রান্ত।

সূত্র: (১) বিজ্ঞ আইনজীবী জনাব সফিক মাহমুদ পুষ্প পত্র তারিখ: ১১/১১/২০১৯ খ্রি
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৬৫৩, তারিখ: ১০/১২/২০১৯ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-১৬, তারিখ: ০২/০১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সিএ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার বিষয়ে মহোদয় সূত্রোক্ত (১) নং স্মারকে বর্ণিত পত্রের মাধ্যমে জানান যে, মহামান্য আদালত কর্তৃক গত ১১/১১/২০১৯ তারিখে মৌখিকভাবে আদেশ দেন যে, জনবল কাঠামো কোন ক্রমেই আদালতের চেয়ে বেশি কার্যকরী নয়।

২। “মহামান্য আদালত কর্তৃক পুনরায় ব্যক্তিগত শুনানীর আদেশ প্রদান করতে চাইলে মহোদয় কর্তৃক ২ সপ্তাহের সময় প্রার্থনা করেন মর্মে তার সূত্রোক্ত (১) নং পত্রে উল্লেখ করেন। ফলে মহামান্য আদালত কর্তৃক তা মঞ্জুর করে আগামী ২০ তারিখের মধ্যে (২০/১১/২০১৯ মর্মে প্রতীয়মান) পিটিশনার এর বকেয়া প্রদানের আদেশ জারি না করলে কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মামলার আগামী ২৪/১১/২০১৯ তারিখের শুনানীতে ব্যক্তিগত হাজিরার আদেশ প্রদান করবেন মর্মে উক্ত পত্রে উল্লেখ রয়েছে।

৩। তৎপরবর্তীতে মহোদয়ের মৌখিক অনুরোধের প্রেক্ষিতে উক্ত রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায়ের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএল নং-৩৬১১/২০১৬ এবং উহা হতে উদ্ধৃত সি.এ নং-১৩৭/২০১৮ মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং সংখ্যক স্মারকমূলে মহোদয় বরারব পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের উপর গৃহীত তথ্যাদিও জানা যায়নি।

৪। ইতোমধ্যে কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়ন্তে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি চেয়ে অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয় কর্তৃক একাধিকবার টেলিফোনিক অনুরোধ জানানো হলেও উক্ত আদেশের কপি মহোদয় টিএমইডিতে প্রেরণ করা হয়নি। তাছাড়া টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্রের উপর মহোদয় কর্তৃক গৃহীত ব্যবস্থার তথ্যাদিও জানা আবশ্যিক।

৫। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সি.এ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়ন্তে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি সহ টিএমইডি'র ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি গত ১০/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি -তে প্রেরণের জন্য সূত্রোক্ত (৩) নং স্মারকের মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু উক্ত তারিখের পরে ০৬ (ছয়) দিন অতিবাহিত হলেও মহোদয়ের নিকট হতে চাহিত তথ্যাদি পাওয়া যায়নি বিধায় চাহিত তথ্যাদি আগামী ২৩/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে দ্বিতীয় বারের মতো অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

জনাব এস.কে শফিক মাহমুদ পুষ্প
শেখ শফিক মাহমুদ এড এ্যাসোসিয়েটস, চেম্বারনং এ-৪ (৭ম তলা)
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।